

২০২২

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বঙ্গদেশে পালবংশের ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) বাঙালির সংস্কৃতিতে 'চৈতন্য সংস্কৃতি'-র একটি বিশেষ গুরুত্ব রয়েছে। — প্রসঙ্গটি বিশদ করো। ১০
- ২। (ক) নীল বিদ্রোহের প্রেক্ষাপটটি আলোচনা করে এই আন্দোলনের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো। ১০  
অথবা,  
(খ) উনিশ শতকের বাংলায় খ্রীশিক্ষার বিস্তারে বিদ্যাসাগরের ভূমিকা নির্ণয় করো। ১০
- ৩। (ক) দেশভাগ-জনিত উদ্বাস্তু সমস্যা পশ্চিমবঙ্গে কী প্রভাব ফেলেছিল তা তোমার নিজের ভাষায় লেখো। ১০  
অথবা,  
(খ) ১৯০৫ খ্রিস্টাব্দের বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সূত্রে বাঙালির জাতিসত্তা কীভাবে পুনরুজ্জীবিত হয়েছিল সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।। ১০
- ৪। (ক) প্রাচীন আমলের বাঙালি সমাজের বর্ণভেদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) ইলিয়াস শাহি বংশ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
- ৫। (ক) টীকা লেখো— আত্মীয় সভা। ৫  
অথবা,  
(খ) 'বেথুন সোসাইটি'-র গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ভারতের ইতিহাসে অন্যতম মর্মান্তিক একটি পর্ব। — আলোচনা করো। ৫

অথবা,

(খ) বরাক উপত্যকার ভাষা আন্দোলনের গুরুত্ব বিষয়ে সংক্ষেপে লেখো। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

মাৎস্যন্যায়, রামকৃষ্ণ মিশন, মতুয়া জনগোষ্ঠীর জাগরণ

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো। ১×১৫

(ক) জাতি হিসেবে 'বঙ্গ' নামটি প্রথম কোথায় ব্যবহৃত হয়েছে?

(খ) 'বেদ্য' বলতে কাদের বোঝায়?

(গ) লক্ষণ সেন কোন সময়ে সিংহাসন আরোহণ করেন?

(ঘ) সোনা গাজি কে?

(ঙ) দেবপাল-এর রাজত্বকাল উল্লেখ করো।

(চ) সাঁওতাল বিদ্রোহের একজন নেতার নাম লেখো।

(ছ) হিন্দু কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

(জ) বিধবা বিবাহ সংক্রান্ত আইনটি কবে পাশ হয়েছিল?

(ঝ) ব্রাহ্ম সমাজের দুজন নেতার নাম লেখো।

(ঞ) সন্ন্যাসী-ফকির আন্দোলন কবে শুরু হয়েছিল?

(ট) লর্ড কার্জনের শাসনকাল উল্লেখ করো।

(ঠ) 'তত্ত্ববোধিনী সভা' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

(ড) অনুশীলন সমিতির যে-কোনো একজন নেতার নাম লেখো।

(ঢ) চিত্তরঞ্জন দাশ কোন দলের প্রতিষ্ঠাতা?

(ণ) 'বাংলাদেশের ইতিহাস' গ্রন্থের লেখক কে?